বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
**প্রধান কার্যালয়**
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-০৬

তারিখ ঃ ২৯ জানুয়ারী, ২০২০ / ১৫ মাঘ, ১৪২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

যথাসময়ে আমদানি দায় পরিশোধ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে GFET-2018, Vol-1, Chap-7, Para-34(a) এবং বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখঃ ১২/০৩/২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোনো কোনো তফসিলী ব্যাংক আমদানি ঋণপত্রের বিপরীতে বিলের মূল্য পরিশোধে অনাকাঙ্খিত বিলম্ব করছে মর্মে বাংলাদেশ ব্যাংকের দৃষ্টিগোচর হয়েছে। আমদানি মূল্য পরিশোধ না করা বা অনাকাঙ্খিত বিলম্ব করার ফলে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে এবং বিলম্বের জন্য সুদ পরিশোধসহ ঋণপত্রে বিদেশী ব্যাংকের কনফার্মেশন বাবদ ব্যয় বৃদ্ধি আমদানিকে ব্যয়বহুল করছে। আমদানি ব্যয়ের বৃদ্ধি প্রত্যক্ষভাবে বৈদেশিক লেনদেন ভারসাম্যে অধিকতর নেতিবাচক প্রভাব সৃষ্টি করে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, যথাসময়ে আমদানি দায় পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট নিদের্শনা ও বিধিবিধানসমূহ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করণার্থে আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। যথানিয়মে আমদানি দায় পরিশোধের ক্ষেত্রে ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার শাখার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩